**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:24-08–2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Flood Condition :**

বন্যায় রাজ্যে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৪ বলে জানিয়েছেন ত্রাণ ও রাজস্ব সচিব ব্রিজেশ পান্ডে। গতকাল তিনি আরও জানান, রাজ্যে ৫০০টিরও বেশি ত্রান শিবিরে ১ লক্ষ ২৮ হাজার লোক আশ্রয় নিয়েছেন| প্রাথমিকভাবে অনুমান এখন পর্যন্ত ক্ষয়ক্ষতির পরিমান প্রায় ৫০০০ কোটি টাকা| মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বন্যা পরিস্থিতি দেখতে গতকাল গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার বিভিন্ন ত্রাণ শিবির ও বন্যা কবলিত এলাকা পরিদর্শন করেন।

এদিকে, কৃষি ও বিদ্যুতমন্ত্রী রতন লাল নাথ গতকাল জানিয়েছেন, বন্যায় কৃষি ও বিদ্যুত ক্ষেত্রে ব্যাপক ক্ষতি হয়েছে| কৃষি দপ্তরের প্রাথমিক হিসাব অনুযায়ী বন্যায় রাজ্যে ৬৮ হাজার ৮২৬ হেক্টর ধানী জমির ক্ষতি হয়েছে| বিদ্যুতের ক্ষেত্রে ক্ষতির পরিমান প্রাথমিক হিসাব অনুযায়ী প্রায় ৯ কোটি ২ লক্ষ টাকা|

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ তাঁর x প্ল্যাটফর্মে ত্রিপুরার বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের ত্রাণ প্রদানের জন্য চল্লিশ কোটি টাকা অগ্রিম দেবার কথা জানিয়েছেন।

****************************

**All Party Meeting :**

রাজ্যের বর্তমান বন্যা পরিস্থিতি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য আজ বিকেল ৪টায় রাজ্য অতিথিশালার সভা কক্ষে সর্বদলীয় সভা অনুষ্ঠিত হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এই সর্বদলীয় সভায় সভাপতিত্ব করবেন।

*****************************

CM Relief Fund :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার হাতে গতকাল মহাকরনে মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে ১ লক্ষ ৪১ হাজার ৬০০ টাকা তুলে দেন পঞ্চায়েত দপ্তরের অধীনে কর্মরত রুরাল প্রোগ্রাম ম্যানেজারদের এক প্রতিনিধি দল। কর্মক্ষেত্রে গুরুদায়িত্ব পালনের পাশাপাশি আর্তের সেবায় তাঁদের এই মহতী অনুদানের জন্য তাঁদের ধন্যাবাদ জানান মুখ্যমন্ত্রী।

****************************

BSF :

বিএসএফ এক বিবৃতিতে জানিয়েছে, বন্যায় সীমান্ত এলাকায় ক্ষতিগ্রস্তদের সহযোগিতা করেছেন বিএসএফ জওয়ানরা। ধলাই জেলার সীমান্ত এলাকায় গ্রামবাসীদের পানীয় জল বিতরণ করা হয়েছে। উনকোটি জেলায় লাঠিয়াপুরা ও রাঙ্গাউটির স্থানীয় জনগণের অনুরোধে গ্রামবাসীদের পশুসম্পদ রক্ষায় সহায়তা করেছেন।

******************************

IMD :

ভারতের আবহাওয়া দপ্তর আগামীকাল ত্রিপুরা, মিজোরাম এবং পশ্চিম মধ্যপ্রদেশের বিচ্ছিন্ন জায়গায় অত্যন্ত ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। আবহাওয়া দপ্তর আজ ও আগামী দু'দিন মধ্য মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, মেঘালয় এবং মিজোরামে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে।

*****************************

Assembly Session :

ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার পঞ্চম অধিবেশন আগামী চৌঠা সেপ্টেম্বর শুরু হচ্ছে। এই অধিবেশনের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে রাজ্য বিধানসভার অধ্যক্ষ নিরাপত্তামূলক কিছু ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশ দিয়েছেন।

এই আদেশ অনুযায়ী মনুষ্যচালিত রিক্সা ব্যতীত বিধানসভা সচিবালয়ের জারি করা বৈধ পাস ছাড়া কোন ব্যক্তি বা যানবাহন বিধানসভা চত্বরে প্রবেশ করতে পারবে না। রাজ্য বিধানসভার উপসচিব গতকাল এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানিয়েছেন।

******************************

**Education Ministry :**

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে স্কুল সুরক্ষা এবং নিরাপত্তা-২০২১-এর নির্দেশিকাগুলি কার্যকর করার নির্দেশ দিয়েছে। নির্দেশিকাগুলি POCSO নির্দেশিকাগুলির সাথে সামঞ্জস্য রেখে তৈরি করা হয়েছে। এগুলিতে সরকারী, সরকারী সাহায্যপ্রাপ্ত এবং বেসরকারী বিদ্যালয়ে অধ্যয়নরত শিশুদের নিরাপত্তা এবং নিরাপত্তার বিষয়ে স্কুল ব্যবস্থাপনার জবাবদিহিতা নির্ধারণের বিধান রয়েছে। নির্দেশিকাগুলি প্রতিরোধমূলক শিক্ষা, সংশ্লিষ্ট আইনি বিধান, সহায়তা এবং পরামর্শ এবং নিরাপদ পরিবেশের ব্যবস্থা প্রদান করে।

*****************************

**BSF Detain :**

বেআইনিভাবে অনুপ্রবেশ করতে গিয়ে গতকাল বিএসএফের হাতে ধরা পড়েছে ছয় জন। এরমধ্যে একজন রোহিঙ্গা। বিএসএফের শালবাগান সদর দপ্তর জানিয়েছে, পশ্চিম জেলার লংকামুড়া সীমান্তে বিএসএফের হাতে ধরা পড়েছে পাঁচ বাংলাদেশি নাগরিক। এছাড়া পশ্চিম জেলার নিশ্চিন্তপুর সীমান্ত ফাঁড়ি এলাকায় একজন রোহিঙ্গা নাগরিক বেআইনি অনুপ্রবেশের অভিযোগে আটক করা হয়েছে।

*****************************

**NEC Meeting Postponed :**

আগামী ৩১শে আগস্ট ও পয়লা সেপ্টেম্বর আগরতলায় অনুষ্ঠিতব্য উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন পর্ষদের বৈঠক স্থগিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

গতকাল এনইসি-র এক্স হ্যান্ডেলে এক বার্তায় একথা জানিয়ে বলা হয়েছে যে শীঘ্রই বৈঠকের পরবর্তী দিনক্ষণ ঘোষণা করা হবে।

*************************

**Rakhal Shild :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড ঘরোয়া নকআউট ফুটবল প্রতিযোগিতায় রামকৃষ্ণ ক্লাব ফাইনালে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত সেমিফাইনালে রামকৃষ্ণ ক্লাব ৩-১ গোলে ত্রিপুরা পুলিশ দলকে পরাজিত করে। বিদ্যুৎ বিভ্রাটের কারণে নির্দ্ধারিত সময়ের ৪৫ মিনিট পর খেলা শুরু হয়। এদিকে আজ সন্ধ্যা ৬টায় অপর সেমিফাইনালে এগিয়ে চলো সংঘ ও লালবাহাদুর ব্যায়ামাগার পরস্পরের মুখোমুখি হবে।

*****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে আগষ্ট রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১১৩তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

*****************************

**Weather :**

**আবহাওয়া পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ প্রধানত মেঘলা থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৬ ডিগ্রী সেলসিয়াস। সর্বোর্চ্চ তাপমাত্রা থাকতে পারে ৩১ ডিগ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় ঊনকোটি ও দক্ষিণ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। বিক্ষিপ্তভাবে কয়েক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।**

******************************